# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬৯৮

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মুসাফির ব্যক্তি যখন কোন নগরীতে প্রবেশ করার ইচ্ছা করবে তখন কী বলবে তার বর্ণনা

ذِكْرُ مَا يَقُولُ الْمُسَافِرُ إِذَا رَأَى قَرْيَةً يريد دخولها

আরবী

2698 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْحَسَنِ بْنِ قُتَيْبَةَ قَالَ: حدثنا ابن أبي السري قال: قُرِئَ عَلَى حَفْصِ بْنِ مَيْسَرَةَ وَأَنَا أَسْمَعُ قَالَ: حَدَّثَنِي مُوسَى بْنُ عُقْبَةَ عَنْ عَطَاءِ بْنِ أَبِي مَرْوَانَ عَنْ أَبِيهِ أَنَّ كَعْبًا حَلَفَ لَهُ بِالَّذِي فَلَقَ الْبَحْرَ لِمُوسَى أَنَّ صُهَيْبًا حَدَّثَهُ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَمْ يَكُنْ يَرَى قَرْيَةً يُرِيدُ دُخُولَهَا إِلَّا قَالَ حِينَ يَرَاهَا: (اللَّهُمَّ رَبَّ السَّمَاوَاتِ السَّبْعِ وَمَا أَظْلَلْنَ وَرَبَّ الْأَرَضِينَ السَّبْعِ وَمَا أَقْلَلْنَ وَرَبَّ الرِّيَاحِ وَمَا ذَرَيْنَ وَرَبَّ الشَّيَاطِينِ وَمَا أَضْلَلْنَ نَسْأَلُكَ خَيْرَ هَذِهِ الْقَرْيَةِ وَخَيْرَ أَهْلِهَا وَنَعُوذُ بِكَ مِنْ شَرِّهَا وَشَرِّ أَهْلِهَا وشر ما فيها)

الراوي : أَبُو مَرْوَانَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2698 | خلاصة حكم المحدث: صحيح ـ ((تخريج فقه السيرة)) (341)، ((تخريج الكلم الطيب)) (رقم179)، ((الصحيحة)).

বাংলা

২৬৯৮. আবূ মারওয়ান রহিমাহুল্লাহ থেকে বর্ণিত, তিনি বলেন, “নিশ্চয়ই কা‘ব রাদ্বিয়াল্লাহু আনহু তার কাছে ঐ সত্তার কসম করে বলেছেন, যিনি মুসা আলাইহিস সালামের জন্য সাগরকে বিদীর্ণ করে দিয়েছিলেন, নিশ্চয়ই সুহাইব রাদ্বিয়াল্লাহু আনহু তার কাছে হাদীস বর্ণনা করেছেন এই মর্মে যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখনই কোন নগরে প্রবেশ করার ইচ্ছা করতেন, তখন তিনি সেই নগরী দৃষ্টিগোচর হলে বলতেন, اللَّهُمَّ رَبَّ السَّمَاوَاتِ السَّبْعِ وَمَا أَظْلَلْنَ وَرَبَّ الْأَرَضِينَ السَّبْعِ وَمَا أَقْلَلْنَ وَرَبَّ الرِّيَاحِ وَمَا ذَرَيْنَ وَرَبَّ الشَّيَاطِينِ وَمَا أَضْلَلْنَ نَسْأَلُكَ خَيْرَ هَذِهِ الْقَرْيَةِ وَخَيْرَ أَهْلِهَا وَنَعُوذُ بِكَ مِنْ شَرِّهَا وَشَرِّ أَهْلِهَا وشر ما فيها (হে আল্লাহ, সপ্ত আসমান ও সপ্ত আসমান যা ছায়া দেয়, তার প্রভু, সপ্ত জমিন ও সপ্ত জমিন যা ধারণ করে, তার প্রভু, বায়ুসমূহ

এবং বায়ুসমূহ যা উড়িয়ে নেয়, শয়তানসমূহ ও তারা যা বিভ্রান্ত করে, সে সবের প্রভু, আমরা আপনার কাছে এই নগরী ও নগরীর অধিবাসীদের কল্যাণ কামনা করছি এবং আপনার কাছে এই নগরী, তার অধিবাসী এবং এই নগরীতে যা কিছু রয়েছে, সে সবের অকল্যাণ থেকে আশ্রয় কামনা করছি)।”[1]

## ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ২৫৬৫; হাকিম: ১/৪৪৬; সুনান বাইহাকী: ৫/২৫২; তাবারানী: ৭২৯৯; হাইসামী, মাজমা‘উয যাওয়াইদ: ১০/১৩৫; নাসাঈ: ৫৪৩।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (তাখরীজু ফিকহিস সীরাহ: ৩৪১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ মারওয়ান (রহ.)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92028

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন